ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

# সরকারি সেবায় প্রান্তিক জনগোষ্ঠীর অভিগম্যতা: জবাবদিহি ব্যবস্থার বিশ্লেষণ

মো. মোস্তফা কামাল, অমিত সরকার, জুলিয়েট রোজেটি

২১ অক্টোবর, ২০২১

# গবেষণার প্রেক্ষাপট ও যৌক্তিকতা

- বাংলাদেশে জাতি, ধর্ম, বর্ণ, নৃতাত্ত্বিক, পেশাগত ও বিভিন্ন বৈশিষ্ট্যভিত্তিক শ্রেণি পরিচয়ের ন্যূনতম ৩ কোটি প্রান্তিক জনগোষ্ঠীর বসবাস রয়েছে যারা বিভিন্নভাবে প্রান্তিকীকরণের শিকার হয়
- প্রান্তিকীকরণ এমন একটি অবস্থা যেখানে কোনো গোষ্ঠী বা ব্যক্তি সমাজের মধ্যে গুরুত্বপূর্ণ পদ এবং অর্থনৈতিক, ধর্মীয় বা রাজনৈতিক ক্ষমতার বলয়ে অভিগম্যতা পায় না; সামাজিকভাবে বর্জন, অন্তর্ভুক্তিতে দুর্বলতা; কালিমা-লেপনসহ সামাজিক বিভিন্ন পরিপ্রেক্ষিতকে বোঝানো হয়
- বাংলাদেশ অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় শিশু, আদিবাসী, দলিত, চরম দরিদ্র, নারী ও পুরুষ যৌনকর্মী, এইচআইভি/এইডস আক্রান্ত, হিজড়া, প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের বিভিন্ন ঝুঁকি বিবেচনায় নিয়ে প্রান্তিক জনগোষ্ঠী হিসেবে চিহ্নিত করা হয়েছে
- সংবিধানে সকল নাগরিকের জন্য সুযোগের সমতা; সামাজিক ও অর্থনৈতিক অসাম্য বিলোপ; ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী-পুরুষ ভেদ বা জন্মস্থানের ভিত্তিতে বৈষম্য প্রদর্শন না করার অঙ্গীকার

# গবেষণার প্রেক্ষাপট ও যৌক্তিকতা

- ‘টেকসই উন্নয়ন অভীষ্ট’-এ ‘কাউকে পেছনে না রাখার’ প্রতিশ্রুতি ব্যক্ত করা হয়েছে; লক্ষ্যমাত্রা ১০.২ - এ প্রান্তিক জনগোষ্ঠীর ক্ষমতায়ন এবং তাদের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক অন্তর্ভুক্তি নিশ্চিত করা
- দুর্নীতি দরিদ্র, নিম্ন আয়, স্বল্প শিক্ষিত ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য একটি বোঝা - তাদের ওপর ঘুষ ও নিয়ম-বহির্ভূত অর্থের লেনদেনের প্রভাব তুলনামূলকভাবে বেশি (জাতীয় খানা জরিপ ২০১৭, টিআইবি)
- সরকারি বিভিন্ন সেবা প্রাপ্তির ক্ষেত্রে জবাবদিহি ব্যবস্থায় প্রান্তিক জনগোষ্ঠীর অভিগম্যতা ও অন্তর্ভুক্তি সম্পর্কিত জ্ঞানের ঘাটতি রয়েছে
- প্রান্তিক জনগোষ্ঠীর ওপর দুর্নীতির বোঝা এবং সম্ভাব্য জবাবদিহি ব্যবস্থা সম্পর্কে জানার আগ্রহ এবং টিআইবি’র পূর্ববর্তী গবেষণা ও অধিপরামর্শ কার্যক্রমের ধারাবাহিকতায় বর্তমান গবেষণার উদ্যোগ

# গবেষণার প্রশ্ন

- সরকারি সেবা প্রদানকারী কর্তৃপক্ষকে জবাবদিহি করার ক্ষেত্রে বিদ্যমান ব্যবস্থায় প্রান্তিক জনগোষ্ঠীর জন্য সুনির্দিষ্টভাবে কী কী সুযোগ রয়েছে?
- তারা কি এই সুযোগগুলো ব্যবহার করেন? সুযোগগুলো ব্যবহার করলে কী ধরনের প্রতিকার পান?
- তারা যদি এই সুযোগগুলো ব্যবহার না করতে পারেন বা কোনো প্রতিকার না পান তাহলে তারা কী কী উপায় অবলম্বন করেন?
- সেবা প্রদানকারী কর্তৃপক্ষসমূহকে জবাবদিহি করার ক্ষেত্রে প্রান্তিক জনগোষ্ঠীর সুযোগ সৃষ্টির জন্য কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে?

# গবেষণার উদ্দেশ্য

**মূল উদ্দেশ্য:**

সরকারি বিভিন্ন সেবা গ্রহণকালে প্রান্তিক জনগোষ্ঠী কর্তৃক বিদ্যমান জবাবদিহি ব্যবস্থায় অভিগম্যতা এবং তার প্রয়োগ সুশাসনের আঙ্গিকে পর্যালোচনা করা

**সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

- বিভিন্ন সরকারি সেবা গ্রহণের ক্ষেত্রে বিদ্যমান জবাবদিহি কাঠামোতে প্রান্তিক জনগোষ্ঠীর অন্তর্ভুক্তি পর্যালোচনা করা
- সরকারি সেবায় প্রান্তিক জনগোষ্ঠীর জন্য জবাবদিহি ব্যবস্থার কার্যকরতা পর্যালোচনা করা
- প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে সেবা প্রদানকারীদের জবাবদিহি নিশ্চিতে সুপারিশ প্রদান করা

# গবেষণার পরিধি

- সকল প্রান্তিক গোষ্ঠীকে কোনো একক গবেষণায় অন্তর্ভুক্ত করা কঠিন বলে বৈচিত্র্য (নৃতাত্ত্বিক, বর্ণভিত্তিক সংখ্যালঘু, শারীরিক প্রতিবন্ধকতা, জীবিকা, ভৌগোলিক অবস্থান, লিঙ্গ ইত্যাদি বিষয়) বিবেচনায় এ গবেষণায় নিম্নলিখিত গোষ্ঠীগুলো অন্তর্ভুক্ত

  - আদিবাসী, দলিত, চা বাগান শ্রমিক, হিজড়া, অ্যাসিড সন্ত্রাসের শিকার

- প্রান্তিক জনগোষ্ঠীর সুরক্ষাদান ও সামর্থ্য বৃদ্ধিতে প্রেক্ষাপট বিবেচনায় মৌলিক সেবাখাত (যেমন শিক্ষা, স্বাস্থ্য, ভূমি এবং সামাজিক নিরাপত্তাসহ স্থানীয় সরকারের সংশ্লিষ্ট সেবা) সংশ্লিষ্ট আইন, নীতি ও চর্চা
- গবেষণায় অন্তর্ভুক্ত প্রান্তিক জনগোষ্ঠীর জন্য বিদ্যমান জবাবদিহি ব্যবস্থা এবং চর্চা

- একটি গুণগত গবেষণা; গুণবাচক এবং পরিমাণবাচক (প্রযোজ্য ক্ষেত্রে) তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ

| তথ্যের ধরন | তথ্য সংগ্রহ পদ্ধতি | উৎস |
|---|---|---|
| প্রত্যক্ষ তথ্য | সাক্ষাৎকার | নির্ধারিত প্রান্তিক জনগোষ্ঠীর সেবাগ্রহীতা |
| | মুখ্য তথ্যদাতার সাক্ষাৎকার | স্থানীয় পর্যায়ে: প্রান্তিক জনগোষ্ঠীর গোত্রপ্রধান, ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধি ও কর্মচারী, উপজেলা নির্বাহী, সমাজসেবা, স্বাস্থ্য, শিক্ষা, মহিলা বিষয়ক কর্মকর্তা, আইনজীবী, সাংবাদিক |
| | | জাতীয় ও কেন্দ্রীয় পর্যায়ে: বাংলাদেশ চা বোর্ড, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কর্মকর্তা; প্রান্তিক জনগোষ্ঠীর জাতীয় পর্যায়ের নেতা, সংশ্লিষ্ট এনজিও, নাগরিক সমাজের প্রতিনিধি এবং খাত বিষয়ক বিশেষজ্ঞ |
| পরোক্ষ তথ্য | নথি পর্যালোচনা | সংশ্লিষ্ট আইন ও নীতি, সরকারি নথি, গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন, গবেষণা প্রতিবেদন ও প্রবন্ধ |

- গবেষণার সময়কাল: অক্টোবর ২০২০ - সেপ্টেম্বর ২০২১

# বিশ্লেষণ কাঠামো

| সুশাসনের নির্দেশক | উপ-নির্দেশক/অন্তর্ভুক্ত বিষয় |
|---|---|
| **আইনি সক্ষমতা** | সেবা কাঠামোয় প্রান্তিক জনগোষ্ঠী অন্তর্ভুক্তি নিশ্চিতকারী আইন, নীতিমালা, প্রবিধান |
| **জবাবদিহিতা** | অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনায় অন্তর্ভুক্তি, সংশ্লিষ্ট অংশীজনদের তদারকি ব্যবস্থা |
| **স্বচ্ছতা** | তথ্য প্রাপ্তিতে অভিগম্যতা, সেবা সংশ্লিষ্ট স্বপ্রণোদিত তথ্য প্রকাশ |
| **অংশগ্রহণ** | গৃহীত উদ্যোগের উপযোগিতা মূল্যায়ন ও কার্য-ব্যবস্থাপনা/পরিচালনা কমিটিতে প্রান্তিক জনগোষ্ঠীর অংশগ্রহণ |

# গবেষণার ফলাফল

# প্রান্তিক জনগোষ্ঠীদের জন্য বিশেষ ইতিবাচক পদক্ষেপ

## আইনি সংস্কার

- দলিত ম্যানুয়াল ২০১৩ প্রণয়ন; ২০১৯ সালে ৫০টি আদিবাসী গোষ্ঠীকে তালিকাভুক্ত করা, যদিও "ক্ষুদ্র নৃ-গোষ্ঠী" হিসাবে নামকরণ করাকে তাদের আত্মপরিচয়ের মৌলিক অধিকার হরণ হিসাবে বিবেচনা করা হয়; শরিয়া ও সংবিধান অনুসরণ করে হিজড়া জনগোষ্ঠীদের জন্য নতুন উত্তরাধিকার আইনের প্রস্তাব

## শিক্ষা বিষয়ক সহায়তা

- সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে দলিত শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি (১৯,০০০ জন) ও হিজড়া শিক্ষার্থীদের (১,২২৫ জন) উপবৃত্তি প্রদান

## স্বাস্থ্য বিষয়ক সহায়তা

- দুর্গম এলাকার আদিবাসীদের স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে কর্মকাঠামো এবং কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন

## প্রশিক্ষণ ও আয়বর্ধনমূলক উদ্যোগ

- সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে ২,৪২০ জন দলিতদের বৃত্তিমূলক ও আয় বর্ধনমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত করার জন্য প্রশিক্ষণ দেওয়া এবং ২,০০০ জনকে প্রশিক্ষণোত্তর আর্থিক সহায়তা প্রদান

# প্রান্তিক জনগোষ্ঠীদের জন্য বিশেষ ইতিবাচক পদক্ষেপ

## আর্থিক সহায়তা

- অ্যাসিড সন্ত্রাসের শিকার ভুক্তভোগীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ২০০২-২০২০ পর্যন্ত মোট ২,১৪২ জনকে পুনর্বাসনের জন্য অর্থ সাহায্য এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নতির জন্য ক্ষুদ্র ঋণ প্রদান
- সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে পঞ্চাশোর্ধ্ব দলিতদের বয়স্ক ভাতা (৪৫,০০০ জন), পঞ্চাশোর্ধ্ব অক্ষম ও অসচ্ছল হিজড়াদের (২,৬০০ জন) বিশেষ মাসিক ভাতা

## বিশেষ সহায়তা ও উদ্যোগ

- "সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জীবনমান উন্নয়ন সহায়তা কর্মসূচি"র আওতায় আদিবাসী শিক্ষার্থীদের মধ্যে শিক্ষাবৃত্তি এবং শিক্ষা সহায়ক উপকরণ বিতরণ; বৃত্তিমূলক প্রশিক্ষণ ও অনুদান প্রদান; বিভিন্ন প্রতিষ্ঠানে আর্থিক সহায়তা
- চা বাগানের শ্রমিকদের দৈনিক মজুরি বৃদ্ধি উদ্যোগ (সর্বশেষ প্রস্তাবিত মজুরি বাস্তবতার নিরিখে অন্য যে কোনো খাতের চেয়ে সর্বনিম্ন), সুপেয় পানির ব্যবস্থা ও শ্রমিকদের সন্তানদের বিদ্যালয়ে ভর্তির হার বৃদ্ধিতে পদক্ষেপ

# সেবায় অন্তর্ভুক্তি নিশ্চিতকারী আইন ও নীতিমালার পর্যালোচনা

- বাংলাদেশের সংবিধানে নাগরিকের বিশেষ কোনো বৈশিষ্ট্যের কারণে অধিকার ও সেবা প্রাপ্তিতে তার প্রতি বৈষম্য প্রদর্শন করা যাবে না উল্লেখ করা হয়েছে
- "খসড়া বৈষম্য বিলোপ আইন"
  - খসড়াতে অভিযোগ অনুসন্ধানকারী ও তদন্তকারী কর্মকর্তা এবং জাতীয় মানবাধিকার কমিশনকে জবাবদিহি করার বিষয়টি উল্লেখ নেই; ফলে সঠিক অনুসন্ধান ও তদন্ত ঝুঁকি থেকে যাবে
  - তদন্তের স্বার্থে 'সময় বর্ধিত' করা এবং 'যুক্তিসঙ্গত' কারণে মামলা মুলতবীর সুযোগ দেওয়া আছে, যার পর্যাপ্ত ব্যাখ্যা অনুপস্থিত; ফলে দীর্ঘসূত্রতার সুযোগ থেকে যাবে
  - বৈষম্যবিরোধী আইন না থাকায় উদ্ভূত পরিস্থিতিতে মামলা দায়ের করতে না পারা
- সরকারি সেবা প্রাপ্তির সুযোগ সকল নাগরিকের জন্য সমান; তবে সেবায় অন্তর্ভুক্তি নিশ্চিতে কিছু কিছু প্রান্তিক জনগোষ্ঠীর বিশেষ অবস্থা ও চাহিদাকে গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় আইন এবং আলাদা নির্দেশনা প্রদান করা হয়ে থাকে
- আইনগতভাবে সকল আদিবাসীর পরিচয় ও তাদের ভূমি অধিকারের স্বীকৃতি নেই; পার্বত্য চট্টগ্রামের আদিবাসীদের জন্য ভূমি কমিশন থাকলেও সমতলে বসবাসরত বৃহৎ আদিবাসী জনগোষ্ঠীদের ভূমি সমস্যা সমাধানে ভূমি কমিশন নেই

# আইন ও নীতিমালা: সীমাবদ্ধতা ও চ্যালেঞ্জ

| আইন ও নীতিমালা | সীমাবদ্ধতা | প্রায়োগিক চ্যালেঞ্জ |
| --- | --- | --- |
| প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এবং নীতিমালা, ২০১৫ | • অ্যাসিড সন্ত্রাসের শিকার ভুক্তভোগীদের প্রতিবন্ধিতাসহ ব্যক্তি চিহ্নিত করে সরাসরি নিবন্ধনের সুযোগ না থাকা<br>• নির্বাচন কমিটি কার কাছে জবাবদিহি করবে সে বিষয়ে দিকনির্দেশনা নেই | নিবন্ধিত হওয়ার জন্য নির্বাচন কমিটির অনির্দিষ্ট বিবেচনা পদ্ধতির ওপর নির্ভরশীলতা |
| অ্যাসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তির চিকিৎসা, আইনগত সহায়তা ও পুনর্বাসন বিধিমালা, ২০০৮ | • ভুক্তভোগীদের চিকিৎসা, আইনি সহায়তা ও পুনর্বাসনের বিষয়ে একাধিক ব্যক্তির দায়িত্ব ও কর্তব্য সর্ম্পকে বলা হলেও কার কাছে তারা জবাবদিহি করবে সে বিষয়ে দিকনির্দেশনা নেই | ভুক্তভোগীদের সেবা প্রাপ্তি নিশ্চিতকরণে প্রতিবন্ধকতা |
| জাতীয় শিক্ষা নীতি, ২০১০ | • আদিবাসী ভাষার বই বিতরণ, এর পাঠদান নিশ্চিত, শিক্ষক চাহিদা নিরূপণ ও তাদের প্রশিক্ষণ তদারকির বিষয়টি অনুল্লেখিত | তদারককারীদের জবাবদিহি নিশ্চিত করা যায় না |

*চলমান...*

# আইন ও নীতিমালা: সীমাবদ্ধতা ও চ্যালেঞ্জ

| আইন ও নীতিমালা | সীমাবদ্ধতা | প্রায়োগিক চ্যালেঞ্জ |
|---|---|---|
| শ্রম আইন, ২০০৬ এবং শ্রম বিধিমালা, ২০১৫ | • চা শ্রমিকদের মৌলিক চাহিদাগুলো বাগান কর্তৃপক্ষ প্রদান করতে অপারগ হলে শুধুমাত্র বাগান কর্তৃপক্ষই তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে লিখিত আকারে অবহিত করার বিধান | বাগান মালিক বা বাগান কর্তৃপক্ষকে শ্রমিকরা এই বিষয়ে জবাবদিহি ব্যবস্থার আওতায় আনতে পারে না |

# সার্বিকভাবে বিদ্যমান অভিযোগ নিরসন (জিআরএস) ও জবাবদিহি কাঠামো

| ধরন | ব্যবস্থাসমূহ |
|---|---|
| প্রাতিষ্ঠানিক | • অফলাইনে - সেবা দানকারী প্রতিষ্ঠানে সরাসরি ও ডাকযোগে, অভিযোগ বাক্সে লিখিত অভিযোগ দায়ের, হটলাইন নম্বরে অভিযোগ দায়ের, গন শুনানি, তথ্য অধিকার আইন প্রয়োগ<br>• অনলাইনে - জিআরএস, ইমেইল, ফেসবুক, ব্লগ-এর মাধ্যমে অভিযোগ দায়ের<br>• অন্যান্য - প্রাতিষ্ঠানিক তদারকি ও নিরীক্ষা, ওয়ার্ড সভা, উন্মুক্ত বাজেট অধিবেশন, বিদ্যালয়ে অভিভাবক সভা, এবং বিদ্যালয়, কমিউনিটি ক্লিনিক ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ব্যবস্থাপনা কমিটি |
| সামাজিক | ইউনিয়ন পরিষদে সামাজিক নিরীক্ষা, নাগরিক সমাজের প্রতিনিধিদের সমন্বয়ে আলোচনা সভা |

- ডিভাইস ও ইন্টারনেট থাকা জরুরি; ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম অংশগ্রহণমূলক নয় এবং ক্ষমতাশালী দ্বারা প্রভাবিত
- সামাজিক নিরীক্ষা সম্পাদন করতে সংশ্লিষ্টদের প্রতিবন্ধকতা তৈরি এবং নাগরিক সমাজের প্রতিনিধি ও এনজিওদের এই কাজকে গুরুত্ব প্রদান করা হয় না
- জবাবদিহি ব্যবস্থাসমূহ সম্পর্কে পরিচিতির অভাব ও এর প্রক্রিয়াগত জটিলতা, সেবা প্রদানকারীদের নেতিবাচক মানসিকতা ও চর্চার কারণে জবাবদিহি কাঠামো প্রান্তিক জনগোষ্ঠীর জন্য সহজলভ্য/অন্তর্ভুক্তিমূলক নয়

# সরকারি সেবা প্রাপ্তি নিশ্চিতে বেসরকারি পদক্ষেপ

- **প্রান্তিক জনগোষ্ঠীর প্রয়োজনে সাড়া প্রদানে বেসরকারি প্রতিষ্ঠান বা সংগঠনের কার্যক্রম ইতিবাচক ভূমিকা পালন করে**
  - দলিত জনগোষ্ঠীদের মধ্য থেকে কমিউনিটি লিডার ও প্রতিনিধি তৈরি করা হয়, যারা সরকারি সেবা প্রাপ্তিতে দলিত জনগোষ্ঠীদের সহায়তা করে
  - ইউনিয়ন পরিষদে সামাজিক নিরীক্ষা (সোশ্যাল অডিট), উন্মুক্ত আলোচনা সভা
  - সেবা দাতা ও সেবাগ্রহীতাদের (প্রান্তিক জনগোষ্ঠী) একত্রিত করে সচেতনতামূলক সভা
  - বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি ও প্রান্তিক জনগোষ্ঠীর অভিভাবকদের সমন্বয়ে সচেতনতা সভা
  - স্থানীয় ভূমি অফিসে আদিবাসীদের ভূমি সমস্যা নিয়ে ‘ল্যান্ড ক্লিনিক’ পরিচারলনা
  - দলিত জনগোষ্ঠীদের জীবনাচরণ সম্পর্কে সচেতনতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠান
- **এই সকল কার্যক্রম এনজিওদের সহায়তায় পরিচালিত হয় এবং ক্ষেত্রবিশেষে প্রকল্প নির্ভর - কার্যক্রমগুলোর কার্যকরতা সেবা প্রদানকারীদের মনোভাবের উপর নির্ভর করে এবং প্রকল্প শেষ হয়ে গেলে এর সুফল টেকসই হয় না**

# জবাবদিহিতা: অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনায় অন্তর্ভুক্তি

## প্রান্তিক পরিচয়ের কারণে অভিযোগ দাখিল করতে না পারা

- দলিত পরিচয়ের কারণে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের সেবা ও জবাবদিহি কাঠামোতে অভিগম্যতায় বাধার সম্মুখীন হতে হয় এবং সেবা না পেলে অভিযোগ দায়ের করা তাদের জন্য আরও দুরূহ

"একটি এলাকার দরিদ্র দলিত পরিবারের উপর পরিচালিত জরিপের ফলাফলে দেখা যায় যে এই এলাকার শতভাগ পরিবার বেসরকারি হাসপাতালে প্রসব সেবা নিয়েছেন। এই সব পরিবার সিজারিয়ান অপারেশনের মাধ্যমে ৯৮% বাচ্চা প্রসব করিয়েছেন, যার খরচ সরকারি হাসপাতালের তুলনায় এখানে বেশি। কতটা নিগৃহীত হলে দরিদ্র মানুষেরা এই সব ব্যয়বহুল জায়গায় যায়।"

*- একজন দলিত অধিকার সংগঠনের প্রধান*

- কোভিড-১৯ অতিমারির সময় হিজড়া জনগোষ্ঠীদের সরকারি ত্রাণ সহায়তার লাইনে দাঁড়াতে দেওয়ার হয় নি; এই বিষয়ে জনপ্রতিনিধিদের কাছে অভিযোগ করতে চাইলে ওয়ার্ড কমিশনার অফিসের কর্মচারীরা বাধা প্রদান করে

"ওয়ার্ড মেম্বারের নামে কার কাছে অভিযোগ করবো? চেয়ারম্যানের কাছে? তারা তো একই দলের লোক। পানিতে নেমে তো আর কুমিরের সাথে মারামারি করা যায় না।" *- ঘুষ দিয়েও বয়স্ক ভাতায় তালিকাভুক্ত না হওয়া এবং অভিযোগ দায়ের করতে না পারা প্রসঙ্গে দলিত জনগোষ্ঠীর একজন*

## শিক্ষা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অভিযোগ করে সমাধান না পাওয়া

- বিদ্যালয়ে "মূলধারার" সহপাঠী ও শিক্ষকদের বর্ণবাদমূলক আচরণের অভিযোগে সমাধান আসে না

*অভিযোগের পরিপ্রেক্ষিতে অভিভাবকদের উদ্দেশে কয়েকজন শিক্ষকের মন্তব্য:*

"আপনাদের (দলিত জনগোষ্ঠীর) সন্তানরা ভালোভাবে ব্যবহারিক পরীক্ষা করতে পারো না। অন্যরা তো ঠিকই বলেছে, ভালো হয় আপনাদের সন্তানরা যন্ত্রপাতি না ধরে অন্যরা কিভাবে পরীক্ষা করে তা দেখুক।"

"আমি কী করতে পারি? আমি তো ওদের এইসব শিক্ষা দেই না। আর ওরা তো বাচ্চা, ওরা এসব বলতেই পারে।"

"মগকে তো মগই বলবে। এখানে সমস্যার কি হল?"

শিক্ষক কর্তৃক দলিত শিক্ষার্থীদের দিয়ে বিদ্যালয়ের শৌচাগার পরিষ্কার করানোর প্রতিবাদের কারণে দলিত শিক্ষার্থীদের পরীক্ষায় অকৃতকার্য করার অভিযোগ রয়েছে। এই বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে লিখিত অভিযোগ দিলে তিনি উপজেলা শিক্ষা এবং সমাজসেবা কর্মকর্তার সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করে দেন। তদন্তকারী কর্মকর্তারা অভিযোগকারী অভিভাবকদেরকে সরকারি কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ জানানো ভালো ফল বয়ে আনবে না বলে হুমকি দেন। বিষয়টি পরবর্তীতে অমীমাংসিত রয়ে গিয়েছে

*চলমান...*

# জবাবদিহিতা: অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনায় অন্তর্ভুক্তি

## সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অভিযোগ দিয়েও প্রতিকার না পাওয়া

- কোভিড-১৯ অতিমারির সময় একটি দলিত কলোনির সকল পরিবার ত্রাণ সহায়তা পায় নি; ত্রাণের তালিকার ত্রুটি নিয়ে জেলা প্রশাসককে অভিযোগ জানিয়ে কোনো সমাধান পায় নি

"আমাদের কাজ স্থানীয় জনপ্রতিনিধিদের সহায়তা করা। তাদের তৈরি করা তালিকাই মূল তালিকা, আমি এখানে হাত দিতে পারি না।"

- *জেলা প্রশাসক*

"চেয়ারম্যান প্রকাশ্যেই আমাদের 'ভারতীয়', 'বহিরাগত', 'পাহাড় দখলকারী' বলে এবং সেই মনোভাব থেকে আমাদের বিভিন্ন সনদ দেওয়া ও ভাতার তালিকায় অন্তর্ভুক্ত করা থেকে বিরত থাকে। মেম্বাররাও যে আমাদের কাছ থেকে এই জন্য ঘুষ নেয় তা সংশ্লিষ্ট কর্মকর্তা জানেন, কারণ আমিই তাদের জিনিসগুলো জানিয়েছি। কিন্তু জনপ্রতিনিধিদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে গেলে ঝামেলা হয় বলে সংশ্লিষ্টরা কোনো কিছু করে না।" - *আদিবাসী সংগঠনের নেতা*

*চলমান...*

# জবাবদিহিতা: অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনায় অন্তর্ভুক্তি

## ভূমি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অভিযোগ জানিয়েও সহযোগিতা না পাওয়া

- স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের কাছে অভিযোগ জানানো সত্ত্বেও "সংরক্ষিত বনাঞ্চল" দখলমুক্ত করার নামে বন বিভাগ কর্তৃক আদিবাসীদের তাদের জমি থেকে উচ্ছেদ

মধুপুরে "সংরক্ষিত বনাঞ্চল" ঘোষণা অনিয়মতান্ত্রিকভাবে করা হয়েছে উল্লেখ করে পরিবেশবাদী সংগঠনের মামলায় উচ্চ আদালতের সুনির্দিষ্ট নির্দেশনা অবজ্ঞা করে "সংরক্ষিত বনাঞ্চল" দখলমুক্ত করা ও সামাজিক বনায়নের নামে আদিবাসীদের বসত-ভিটা ও আবাদি জমিতে বন বিভাগের উচ্ছেদ অভিযান পরিচালনা

শেরপুরে স্থানীয় আদিবাসীদের বাড়ি ও আবাদি জমি বন বিভাগের উল্লেখ করে "অবৈধ দখলকারীদের" তালিকা তৈরি করে উচ্ছেদ ও সামাজিক বনায়নের লক্ষ্যে জমির ফসল ও বাগানের গাছপালা ধ্বংস করা

"আদিবাসীদের জন্য মাতৃভাষার অধিকার থেকে ভূমি অধিকারের সংকট এখন একটি বড় চ্যালেঞ্জ। সমতলের আদিবাসীদের জন্য কোনো ভূমি কমিশন নেই। ফলে ভূমি অধিকার সংক্রান্ত অনেক সমস্যা অসমাপ্ত থেকে যাচ্ছে। আর্থ-সামাজিক সমস্যাসহ বিভিন্ন কারণে আগামী ২০ বছরের মধ্যে ৮০-৯০% আদিবাসী ভূমিহীন হয়ে যাবে।" - *আদিবাসী সংগঠনের নেতা*

*চলমান...*

# জবাবদিহিতা: অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনায় অন্তর্ভুক্তি

## অভিযোগ দাখিলের বিরূপ প্রতিক্রিয়া

- অভিযোগ দায়ের করার ফলে প্রান্তিক জনগোষ্ঠীদের নেতিবাচক অভিজ্ঞতার সম্মুখীন হতে হয় -
  - সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় কম ত্রাণ পেয়ে অভিযোগ করার কারণে আদিবাসী পরিবারের ত্রাণ সহায়তা বন্ধ হয়ে যাওয়া
  - উচ্চ বর্ণের হিন্দুদের প্রতিরোধের কারণে দলিত ব্যক্তির লাশ একটি শ্মশানে দাহ করতে দেওয়া হয় নি; অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক ভিন্ন শ্মশানে লাশ দাহ করতে বলা হয়েছে
  - দলিতদের খাবার হোটেলে প্রবেশ ও বসে খাবার খেতে বাধা দেওয়ার অভিযোগের প্রেক্ষিতে স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক দলিতদের জন্য আলাদা বসার জায়গা ও তৈজসপত্র ব্যবহারের লিখিত নির্দেশ প্রদান
  - আদিবাসীদের মধ্যে শতভাগ স্যানিটেশন নিশ্চিত করা হয় নি অভিযোগ করায় আদিবাসী জনগোষ্ঠীর একজন অধ্যাপককে জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের উপস্থিতিতে সভা থেকে বের করে দেওয়ার চেষ্টা করা হয়েছে

# জবাবদিহিতা: সংশ্লিষ্ট অংশীজনদের তদারকি ব্যবস্থাপনায় চ্যালেঞ্জ

## তদারকির ঘাটতি

- **অভিযোগ দায়ের ব্যবস্থার তদারকি সুসংহত নয়** - আদিবাসী পরিচয়ের কারণে শিক্ষা, ভূমি ও সামাজিক নিরাপত্তা কর্মসূচি বিষয়ক সরাসরি করা লিখিত অভিযোগ রেজিষ্টারে লিপিবদ্ধ, সংরক্ষণ ও ফলোআপ না করা

## প্রান্তিক জনসংখ্যার তথ্য

- **প্রান্তিক গোষ্ঠীগুলোর জনসংখ্যা বিষয়ক তথ্য সংগ্রহে তদারকির ঘাটতি ও সমন্বয়হীনতা** - মন্ত্রণালয় ও অধিদপ্তরের ওয়েবসাইটে এবং প্রতিবেদনে প্রান্তিক জনগোষ্ঠীদের ভিন্ন ভিন্ন জনসংখ্যা এবং সংজ্ঞা উল্লেখ করা

## শিক্ষায় তদারকির ঘাটতি

- **শিক্ষা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তদারকির ঘাটতির কারণে প্রান্তিক জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষার বিষয়টি উপেক্ষিত**
  - চা বাগানের বিদ্যালয়ে অবকাঠামোগত সুবিধা ও শ্রেণিকক্ষে প্রয়োজনীয় আসবাবপত্রের অনুপস্থিতি
  - অবাঙালী শিক্ষার্থীদের পাঠদান ও পরীক্ষার প্রশ্ন বুঝতে না পারার বিষয়ে তদারকির অভাব

*চলমান...*

# জবাবদিহিতা: সংশ্লিষ্ট অংশীজনদের তদারকি ব্যবস্থাপনায় চ্যালেঞ্জ

## স্বাস্থ্য সেবায় তদারকির ঘাটতি

- চা বাগান কর্তৃপক্ষ বিধান অনুযায়ী শ্রমিকদের স্বাস্থ্য সেবার সামান্যই পূরণ করছে; সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তদারকির ঘাটতির কারণে শ্রমিকদের স্বাস্থ্য সেবা উপেক্ষিত থেকে যাচ্ছে
- পার্বত্য চট্টগ্রামে ও তৎসংলগ্ন সমতলে সুপেয় পানির সুবিধা, স্যানিটেশন ও সরকারি টিকাদান কর্মসূচি তদারকির অভাব - স্থানীয় ডায়রিয়া ও হামের এই প্রকোপকে 'অজানা অসুখ' আখ্যায়িত করে তদারকির ঘাটতিকে এড়িয়ে যাওয়া; দোষী ব্যক্তিদের শাস্তিস্বরূপ শুধু বদলি করা

"এখানে সেনাবাহিনীর ক্যাম্প স্থাপন হলেই রাস্তা তৈরি হয়, ক্যাম্পে সুপেয় পানির সরবরাহ নিশ্চিত করা হয়। কিন্তু আদিবাসীদের ছড়া বা নদী থেকেই পানি সংগ্রহ করতে হয়। সরকার এতো টাকা খরচ করে পদ্মা নদী জয় করছে, আমাদের সাথে সেতু বন্ধন স্থাপন এর থেকে কম খরচে করা যেত। রাষ্ট্র যে আমাদেরকে গুরুত্ব দেয় না তার প্রমাণ হচ্ছে জাতীয় সম্প্রচার মাধ্যমে 'বান্দরবানে পোস্টিং করে দিব' বিজ্ঞাপন।"

*- পার্বত্য চট্টগ্রামের একজন আদিবাসী*

# স্বচ্ছতা: তথ্যে অভিগম্যতায় চ্যালেঞ্জ

## সেবা সংক্রান্ত তথ্যে অভিগম্যতা

- দলিত শিক্ষার্থীরা উপবৃত্তি না পেলে তার কারণ শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা জানতে চাইলে শিক্ষকরা তা জানায় না
- দলিত জনগোষ্ঠী কর্তৃক তথ্য অধিকার আইনে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে ঔষধ বিতরণ সম্পর্কিত তথ্যের আবেদন করায় হাসপাতাল কর্তৃপক্ষ ও স্থানীয় প্রভাবশালীদের হুমকির শিকার হতে হয়

## জবাবদিহিতা সংক্রান্ত তথ্যে অভিগম্যতা

- সামাজিক নিরাপত্তা কর্মসূচির তালিকাভুক্তিতে অনিয়ম নিয়ে অভিযোগ জানানোর প্রক্রিয়া সম্পর্কে জানতে চাইলে সংশ্লিষ্ট কর্মকর্তা ও জনপ্রতিনিধিরা এ সম্পর্কে তথ্য প্রদান করে না

## তথ্যে অভিগম্যতায় ঘাটতির কারণ

- ভৌগোলিক চ্যালেঞ্জ, সেবা সম্পর্কে অসচেতনতা, স্বল্প শিক্ষা বা নিরক্ষরতা, অনীহা, আর্থ-সামাজিক অবস্থা, সামাজিক বঞ্চনার কারণে প্রান্তিক জনগোষ্ঠী তথ্যের অভিগম্যতায় চ্যালেঞ্জের সম্মুখীন হন

# স্বচ্ছতা: সেবা সংশ্লিষ্ট স্বপ্রণোদিত তথ্য প্রকাশে ঘাটতি

## সেবা সংক্রান্ত তথ্য প্রকাশের ক্ষেত্রে অস্বচ্ছতা

- **সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় প্রান্তিক জনগোষ্ঠীর উপকারভোগী বাছাইকরণে অস্বচ্ছতা**
  - উপকারভোগী বাছাইকরণ সম্পর্কে স্থানীয় ও জাতীয় পর্যায়ে প্রচার করা হয় না
  - সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় না আসলে তার কারণ আবেদনকারীদের জানানো হয় না
- **দলিতদের জন্য আবাসন প্রকল্পের আওতায় দলিতদের স্থানান্তর ও পুনর্বাসনের তথ্য জানানো হয় না**

## স্বপ্রণোদিত তথ্য প্রকাশের চর্চায় ঘাটতি

- **ভূমি সংক্রান্ত সমস্যা নিয়ে গণশুনানি আয়োজন করা হলেও তার প্রচার আদিবাসী অধ্যুষিত এলাকায় করা হয় না**
- **সেবা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সেবা ও অভিযোগ নিরসন ব্যবস্থা সম্পর্কে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ ও প্রচারের চর্চা**

**"আমরা চাই না যে লোকজন অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা সম্পর্কে অবগত হয় এবং অভিযোগ করে। এগুলো তদন্ত করা, সমাধান করা ঝামেলার ব্যাপার। তাই এই ডিপার্টমেন্টে লোকজন বদলি হয়ে আসতে চায় না, আর বেশি দিন থাকতেও চায় না। এজন্য সরকারি ওয়েবসাইটে ক্ষেত্রবিশেষে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার (অনিক) নাম, ফোন নম্বর দেওয়া থাকে না।" - *একজন সাবেক অনিক***

# অংশগ্রহণ: মূল্যায়ন ও কার্য-ব্যবস্থাপনা/পরিচালনা কমিটিতে অংশগ্রহণ

- **প্রান্তিক জনগোষ্ঠী অধ্যুষিত এলাকার বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি ও সভায় সংশ্লিষ্ট প্রান্তিক জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিত না করা**
  - বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটিতে জমি দাতাকে সদস্য করার বিধান থাকলেও দলিত ও আদিবাসী ব্যক্তির দান করা জমিতে নির্মিত বিদ্যালয়ের কমিটিতে দাতা বা তার পরিবার, এমনকি তার গোষ্ঠীর কাউকে রাখা হয় না
  - বিদ্যালয় কমিটির নির্বাচিত দলিত সদস্যকে নিয়মিতভাবে সভার তারিখ সম্পর্কে জানানো হয় না
  - সভাতে দলিত জনগোষ্ঠীর সদস্যদের মতামত না নেওয়া বা তাদের মতামতকে গুরুত্ব দেওয়া হয় না
  - অংশগ্রহণে বাধা সৃষ্টি করতে স্থানীয় প্রভাবশালী ‘মূলধারার’ ব্যক্তিদের নেতিবাচক প্রভাব

*চলমান...*

# অংশগ্রহণ: মূল্যায়ন ও কার্য-ব্যবস্থাপনা/পরিচালনা কমিটিতে অংশগ্রহণ

- **বিভিন্ন স্থায়ী কমিটি এবং উপকারভোগী বাছাইয়ের উপজেলা কমিটিতে আদিবাসী ও দলিতদের যথাযথ প্রতিনিধিত্ব না রাখা**
  - সমাজসেবা অধিদপ্তরের বিশেষ কর্মসূচির উপকারভোগী বাছাই কমিটিতে নিষ্ক্রিয় দলিত প্রতিনিধি বা প্রভাবশালীদের আজ্ঞাবহ দলিত প্রতিনিধি অন্তর্ভুক্ত করা হয়
  - আদিবাসী ও দলিত প্রতিনিধিদের সভার তারিখ ও সভায় অংশগ্রণের আমন্ত্রণ জানানো হয় না

**প্রধানমন্ত্রী কার্যালয়ের বিশেষ কর্মসূচির আওতায় উপজেলা সমন্বয় কমিটিতে উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিসের একজন পিয়নকে সদস্য করা হয়, যিনি নির্বাহী কর্মকর্তার উপস্থিতির কারণে সভা কক্ষের চেয়ারে বসতে চাইতেন না। এই বিষয়ে একজন আদিবাসী নেত্রী প্রতিবাদ করলে নির্বাহী কর্মকর্তা তাকে শাসিয়ে বলেন, "আমি কমিটিতে কাকে নিব, বাদ দিব, তা কি আপনাদের জিজ্ঞেস করে ঠিক করব? সরকার এই বিষয়ে আপনাদের মতামত নিতে বাধ্য না। বেশি বাড়াবাড়ি করলে আপনাদের সংগঠনের কাজ বন্ধ করে দিব।"**

- প্রান্তিক জনগোষ্ঠী সম্পর্কে সুনির্দিষ্ট উপাত্তের অনুপস্থিতি তাদের প্রতি উদাসীনতা ও অবজ্ঞার বহিঃপ্রকাশ, এবং তাদের মূলধারায় নিয়ে আসার ক্ষেত্রে একটি বড় বাধা
- প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে সরকারি সেবা ও জবাবদিহি ব্যবস্থা সর্ম্পকে প্রচারে ঘাটতি বিদ্যমান
- আইনি সীমাবদ্ধতা বা আইনের অনুপস্থিতি, আইনের যথাযথ প্রয়োগে ব্যর্থতার কারণে প্রান্তিক জনগোষ্ঠী সেবায় অভিগম্যতা ও জবাবদিহিতা নিশ্চিতে প্রতিবন্ধকতার সম্মুখীন হয়
- বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের বিদ্যমান জবাবদিহি কাঠামো অনেক ক্ষেত্রে প্রান্তিক জনগোষ্ঠীর জন্য অন্তর্ভুক্তিমূলক নয় কারণ এক্ষেত্রে তাদের ভাষাগত দক্ষতা, আর্থিক ও প্রযুক্তিগত সামর্থ্য ইত্যাদি সীমাবদ্ধতা বিবেচনায় নেওয়া হয় নি
- সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মীদের নেতিবাচক মানসিকতা ও চর্চা, অভিযোগ দাখিলে প্রত্যাশিত ফলাফল না পাওয়া বরং বিরূপ প্রতিক্রিয়ার সম্মুখীন হওয়ার কারণে প্রান্তিক জনগোষ্ঠী জবাবদিহি কাঠামো ব্যবহারে নিরুৎসাহিত হন
- সর্বোপরি, প্রান্তিক জনগোষ্ঠীর মৌলিক সেবা নিশ্চিতে জবাবদিহি ব্যবস্থা শক্তিশালী করা না হলে টেকসই উন্নয়ন অভীষ্টের ‘কাউকে পেছনে না রাখা’ লক্ষ্য অর্জন করা কঠিন হবে

# সুপারিশ

১. বিভিন্ন সেবায় প্রান্তিক জনগোষ্ঠীর অন্তর্ভুক্তিতে বাধা দূর করতে এবং বৈষম্যহীন ও জবাবদিহিমূলক সেবা নিশ্চিত করতে বৈষম্য বিলোপ আইন দ্রুত প্রণয়ন করতে হবে

২. সকল প্রান্তিক গোষ্ঠীর ভৌগোলিক অবস্থান ও জনসংখ্যা সম্পর্কে সঠিক তথ্য সংগ্রহ করতে হবে এবং তা নিয়মিত হালনাগাদ করতে হবে

৩. সরকারি প্রতিষ্ঠানের সেবা ও জবাবদিহি ব্যবস্থা সম্পর্কে মাঠ পর্যায়ে এবং সকল গণমাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীদের ভাষায় যথাযথ এবং নিয়মিত প্রচার পরিচালনা নিশ্চিত করতে হবে। প্রচার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে প্রান্তিক জনগোষ্ঠী ও সংশ্লিষ্ট বেসরকারি অংশীজনদের সম্পৃক্ত করতে হবে

৪. সেবা সংক্রান্ত অভিযোগ কাঠামো প্রান্তিক জনগোষ্ঠী-বান্ধব করার জন্য সংশ্লিষ্ট জনগোষ্ঠী থেকে মৌখিক অভিযোগ গ্রহণ ও তা লিপিবদ্ধ করার ব্যবস্থা করতে হবে এবং সমাধানে নিয়মিত ফলোআপ করতে হবে

৫. সরকারি প্রতিষ্ঠানের গণশুনানিতে প্রান্তিক জনগোষ্ঠীর সমস্যা নিয়ে আলাদা সময় বরাদ্দ করতে হবে, এবং তাদের সমস্যা প্রকাশে উৎসাহিত করতে হবে

# সুপারিশ

৬. সমতলের আদিবাসীদের ভূমি সমস্যা দূর করতে এবং এই বিষয়ে সংশ্লিষ্টদের জবাবদিহিতা নিশ্চিত করতে আদিবাসীদের দিয়ে নিয়মিত গণশুনানি করতে হবে

৭. প্রান্তিক জনগোষ্ঠী অধ্যুষিত এলাকার সেবা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট জনগোষ্ঠীর প্রতিনিধিত্বকারীদের সেবা প্রদানকারী হিসেবে নিয়োগ বা পদায়ন করার ক্ষেত্রে প্রাধান্য দিতে হবে

৮. স্থানীয় সরকার প্রতিষ্ঠানসহ বিভিন্ন প্রতিষ্ঠানে প্রান্তিক জনগোষ্ঠীদের প্রতিনিধিত্ব ও অংশগ্রহণ নিশ্চিতে সংরক্ষিত প্রতিনিধিত্ব/সদস্যপদ তৈরি করতে হবে

৯. সংবিধান প্রতিশ্রুত অন্তর্ভুক্তি, বৈষম্যহীন ও জবাবদিহিমূলক সেবা নিশ্চিত করতে প্রান্তিক জনগোষ্ঠী সম্পর্কে সেবা প্রদানকারীদের মানসিকতা এবং চর্চায় পরিবর্তন আনতে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করতে হবে

১০. চলমান সামাজিক সুরক্ষা কার্যক্রমগুলোর স্বচ্ছতা, জবাবদিহিতা ও প্রান্তিক জনগোষ্ঠীর অংশগ্রহণ বৃদ্ধি করতে করণীয় নির্ধারণে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি অংশীজনের সমন্বয়ে নিয়মিত মূল্যায়ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে

ধন্যবাদ

# প্রান্তিক জনগোষ্ঠীর বিভিন্ন শ্রেণি

| শ্রেণি | বাংলাদেশে বসবাসকারী প্রান্তিক জনগোষ্ঠীর উদাহরণ |
|---|---|
| জাতিসত্তা | আদিবাসী (যাদের সরকারিভাবে 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী' নামকরন করা হয়েছে) |
| আর্থ-সামাজিক অবস্থা | চরম দারিদ্রের মধ্যে বসবাসকারী পরিবার (বিশেষ করে মাতৃপ্রধান খানাসমূহ) |
| ধর্ম/বর্ণ | ধর্মীয় সংখ্যালঘু, দলিত, কাদিয়ানী, বাউল সম্প্রদায় |
| অভিবাসী এবং ভাসমান জনগোষ্ঠী | রোহিঙ্গা, বিহারী, বেদে, ছিন্নমূল জনগোষ্ঠী |
| ভৌগলিক অবস্থান | দুর্গম এলাকায় বসবাসকারী জনগোষ্ঠী (চর, হাওড়, উপকূলীয় এবং পাহাড়ি এলাকা) |
| প্রতিবন্ধিতা | প্রতিবন্ধিতাসহ ব্যক্তি |
| রোগ | এইচআইভি পজিটিভ/এইডস আক্রান্ত ব্যক্তি |
| লিঙ্গ পরিচয় | নারী, হিজড়া, সমকামী, উভকামী |
| পেশা | যৌনকর্মী, চা বাগান শ্রমিক, ভিক্ষুক |
| সহিংসতার শিকার | মানব পাচার, অ্যাসিড সন্ত্রাস এবং ধর্ষণে শিকার হওয়া নারী |
| দুর্যোগ | প্রাকৃতিক এবং মানব সৃষ্ট দুর্যোগের ভুক্তভোগী |

# বাংলাদেশে বসবাসকারী বিভিন্ন প্রান্তিক জনগোষ্ঠীর সংখ্যা

| জনগোষ্ঠী | জনসংখ্যা |
|---|---|
| আদিবাসী | স্বীকৃত গোষ্ঠী ৫০টি; ১৬ লক্ষ (বিবিএস ২০১১); বেসরকারি সূত্র অনুযায়ী ৫০ লক্ষ (২০১৫) |
| চরম দারিদ্রে বসবাসকারী | ১২.৯% (হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে, বিবিএস, ২০১৬), ৫% জনগণ (সীমা ১.৯৬ মার্কিন ডলার) (ওয়ার্ল্ড ডাটা ল্যাব, ২০২১) |
| বর্ণ প্রথা-ভিত্তিক দলিত | ৪৩.৫৮ লক্ষ দলিত এবং ১২.৮৫ লক্ষ হরিজন (সমাজ কল্যাণ মন্ত্রণালয়, ২০২১), ৪৫ - ৫৫ লক্ষ (৮তম পঞ্চ বার্ষিকী পরিকল্পনা) |
| অভিবাসী, আটকে পড়া; ছিন্নমূল জনগোষ্ঠী | ৯.২৫ লক্ষ রোহিঙ্গা (আইওএম, ২০১৯); ২.৫ লক্ষ বিহারী (ইউএনএইচসিআর, ২০০৯); ৭.৮ লক্ষ বেদে (সমাজ কল্যাণ মন্ত্রণালয়, ২০২১); ২.৬ লক্ষ ছিন্নমূল |
| প্রতিবন্ধিতাসহ ব্যক্তি | ২২.৯৮ লক্ষ (সমাজসেবা অধিদপ্তর, ২০২১) |
| হিজড়া | ১১,০০০ (সমাজ কল্যাণ মন্ত্রণালয়, ২০২১) |
| চা বাগান শ্রমিক | ২,৫৯,৪৮৬ জন (স্থায়ী ও অস্থায়ী) (সমাজসেবা অধিদপ্তর, ২০২১) |
| সহিংসতার শিকার | ১,৫০০ জন অ্যাসিড সন্ত্রাস ভুক্তভোগী (এএসএফ, ২০১৯); ১,৪১৩ জন ধর্ষণের শিকার (এএসকে, ২০২০) |